পড়ব বই, গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা

www.publiclibrary.gov.bd

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবুবকর সিদ্দিক<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ১৮.০৩.২০২০ খ্রি. |
| সভার সময় | বুধবার, সকাল ১১.০০ টায় |
| স্থান | মহাপরিচালক (অফিস কক্ষ) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক ( কর্মকর্তাদের উপস্থিতি) |

২০১৯-২০ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কাঠামোর ১০.১ নং ক্রমিক অনুযায়ী শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান করার লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের বাছাই কমিটির সভা ১৮.০৩.২০২০ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ টায় কমিটির আহবায়ক জনাব মো: আবুবকর সিদ্দিক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিবকে আহবান জানান। সভায় সদস্য-সচিব ২০১৯-২০ অর্থ বছরের মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১০.১ নং ক্রমিক অনুযায়ী শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের জন্য একটি তালিকার খসড়া উপস্থাপন করেন । কমিটির সদস্যগণ পুরস্কার প্রদানের লক্ষ্যে সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সম্পাদিত কাজকর্মের বিষয় বিস্তারিত আলোচনা করেন । আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| নং | কার্যসমূহ | বাস্তবায়ন সম্পর্কিত তথ্য ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থবছরে গণগ্রন্থাগার অধিদপ্তর ( সদর দপ্তর ) পুরস্কার প্রাপ্তদের তালিকা । | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার প্রদান নীতিমালা,২০১৭ প্রণয়ন করেন । প্রতি অর্থবছরে সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করতে হবে বিধায় গণগ্রন্থাগার অধিদপ্তরের গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত ১ জনকে এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ১ জনকে পুরস্কার প্রদানের জন্য প্রণীত তালিকার খসড়া নিয়ে সভায় আলোচনা হয় ।<br>সভায় পরিচালক, যুগ্ম সচিব (উন্নয়ন ও আইসিটি) শুদ্ধাচার পুরস্কার খাতে ১ লক্ষ টাকা বরাদ্দ থাকায় কাজের দক্ষতা ও মূলবেতনের সমপরিমাণ অর্থ যাচাই করে পুরস্কার প্রদানের জন্য বিষয় বিস্তারিত উপস্থাপন করেন । খসড়া তালিকায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মকর্তা হিসেবে জনাব মো: হারুনর-রশীদ, সহকারী লাইব্রেরিয়ানকে এবং গ্রেড- ১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী হিসেবে জনাব রীপা দেব, পাঠকক্ষ সহকারীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হয় । এ বিষয় সভায় সকলে একমত প্রকাশ করেন । | গণগ্রন্থাগার অধিদপ্তরের গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মকর্তা হিসেবে সংগ্রহ ও বিতরণ শাখায় কর্মরত জনাব মো: হারুনর-রশীদ, সহকারী লাইব্রেরিয়ান এবং গ্রেড- ১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী হিসেবে পরিসংখ্যান শাখায় কর্মরত জনাব রীপা দেব, পাঠকক্ষ সহকারী পুরস্কার হিসাবে মূলবেতনের সমপরিমাণ অর্থ ও একটি সনদ প্রাপ্ত হবেন । | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব ) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন । |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ২০১৯-২০২০ অর্থবছর গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীস্থ সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা , উপজেলা, শাখা সরকারি গনগ্রন্থাগারে পুরষ্কার প্রাপ্তদের তালিকা প্রণয়ন । | মাঠ পর্যায়ের গণগ্রন্থাগারের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত ১জনকে এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ১ জনকে পুরস্কার প্রদানের জন্য প্রণীত তালিকার খসড়া নিয়ে সভায় আলোচনা হয় । খসড়া তালিকায় প্রাপ্ত নম্বরের ভিক্তিতে গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মকর্তা হিসেবে মাঠ পর্যায়ের গ্রন্থাগার অর্থাৎ বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশালে কর্মরত ( দায়িত্বপ্রাপ্ত ) কর্মকর্তা জনাব খালিদ মোঃ সাইফুল্লাহ, সহকারী পরিচালককে এবং গ্রেড- ১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারী হিসেবে সুনামগঞ্জ জেলা সরকারি গণগন্থাগারে কর্মরত জনাব আনিছুর রহমান, জুনিয়র লাইব্রেরিয়ানকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হয় । | সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা , উপজেলা, শাখা সরকারি গনগ্রন্থাগারের প্রণীত খসড়া তালিকায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বরিশাল বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে কর্মরত জনাব খালিদ মোঃ সাইফুল্লাহ, সহকারী পরিচালককে এবং সুনামগঞ্জ জেলা সরকারি গণগন্থাগারে কর্মরত জনাব আনিছুর রহমান, জুনিয়র লাইব্রেরিয়ানকে পুরস্কার হিসেবে একমাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে । | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) |
| ০৩। | নীতিমালা ২০১৭ অনুযায়ী বর্ণিত সূচকের ভিত্তিতে মূল্যায়ন করা । | পুরস্কার প্রদানের জন্য ১৯টি নির্ধারিত সূচক রয়েছে । ১৮টির সূচকের জন্য ৯০ নম্বর এবং অন্যান্য কার্যক্রম ( মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/ দপ্তর/সংস্থা কর্তৃক ) এর জন্য ১০ নম্বর সহ মোট ১০০ নম্বর বিবেচনায় রেখে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে এবং মাঠ পর্যায়ের গণগ্রন্থাগারর সরকারি কর্মকর্তা-কর্মচারীদেরকে মূল্যায়ন করা হয় । সভায় প্রতিটি সূচকের বিপরীতে প্রাপ্ত নম্বর অনুযায়ী মূল্যায়নের করতে হবে আলোচনা হয় মর্মে একটি তালিকা ৪( চার) জনের তৈরি করতে হবে যা পরবর্তীতে ওয়েব পোর্টালে আপলোড করতে হবে । | পুরস্কার প্রদানের জন্য ১৮টি সূচকের জন্য ৯০ নম্বর এবং অন্যান্য কার্যক্রম সূচকের জন্য ১০ নম্বর সহ মোট ১০০ নম্বর মূল্যায়ন করে তালিকা তৈরি করে পরবর্তীতে ওয়েব পোর্টালে আপলোড করার পদক্ষেপ গ্রহণ করতে হবে । | লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান) এবং পরিচালক, যুগ্মসচিব (উন্নয়নওআইসিটি) |
| ০৪। | পুরস্কারের মান নির্ণয় করা । | পুরস্কার হিসাবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকার কর্তৃক গৃহীত নির্দেশের উপর আলোকপাত করা হয় । ৪ (চার) জন কর্মকর্তা ও কর্মচারদেরকে পুরস্কার প্রদানের জন্য শুদ্ধাচার কোডে বরাদ্দ ১ (এক) লক্ষ টাকা হতে খরচ করার বিষয় সভায় আলোচনা হয় । | গণগ্রন্থাগার অধিদপ্তরের জন্য ২ জন এবং মাঠ পর্যায় গণগ্রন্থাগারের জন্য ২ জনসহ সর্বমোট ৪ জনকে পুরস্কার প্রদান করার জন্য শুদ্ধাচার কোড হতে ব্যয় করা হবে । | সহকারী পরিচালক (প্রশাসনওহিসাব) |

আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবুবকর সিদ্দিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০৮.১৬.০০১.১৯.৩২

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক (যুগ্মসচিব), পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর
২) পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর

৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর
৪) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
৫) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
৬) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
৭) সহকারী লাইব্রেরিয়ান, সংগ্রহ ও বিতরণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
৮) অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
৯) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
১০) রিডিং হল এ্যাসিসটেন্ট, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক